

আগারগাঁও পাসপোর্ট অফিসে মেয়র আনিসুল হক

প্রকাশিত: ১১:৫৩ এ.এম, ০৩ জানুয়ারি ২০১৬



আগারগাঁও পাসপোর্ট অফিস পরিদর্শন করেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। রোববার সকালে পাসপোর্ট অফিসের হালহকিকত সরেজমিন দেখতে আগারগাঁও যান আনিসুল হক।

এসময় তিনি বাংলাদেশ ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদফতরের মহাপরিচালক (ডিজি) ব্রি. জে. মো. মাসুদ রেজওয়ান ও অধিদফতরের অন্যান্য কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন।

মতবিনিময়ের সময় আনিসুল হক পাসপোর্ট ইস্যু, নবায়ন ও অন্যান্য কাজে আসা মানুষের হয়রানি দূর করার বিষয়ে আলোচনা করেন। এছাড়াও পাসপোর্ট অফিসের মূল সমস্যা দালালের নিয়ন্ত্রণ ও দুর্ভোগ থেকে মুক্তিসহ পুরো পাসপোর্ট অফিসকে দালালমুক্ত করতে বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে দিক-নির্দেশনা দেন।